

অনলাইন ভর্তির ক্ষেত্রে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে

একাদশ/সমমান শ্রেণিতে ভর্তি নির্দেশিকা

বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

Website: www.xiclassadmission.gov.bd

ঢাকা, রাজশাহী, কুমিল্লা, যশোর, চট্টগ্রাম, বরিশাল, সিলেট, দিনাজপুর,
ময়মনসিংহ এবং মাদ্রাসা শিক্ষা বোর্ড

সাধারণ নির্দেশনা

- ▶ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত সকল কলেজ/মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ/সমমান শ্রেণিতে ভর্তির জন্য ইন্টারনেটের মাধ্যমে (অনলাইন) আবেদন করা যাবে।
- ▶ ২৬ মে হতে ১১ জুন, ২০২৪ তারিখের মধ্যে একাদশ/সমমান শ্রেণিতে ভর্তির জন্য ইন্টারনেটের মাধ্যমে (অনলাইন) আবেদন করা যাবে। অনলাইন আবেদন পোর্টালঃ www.xiclassadmission.gov.bd
- ▶ ভর্তি সংক্রান্ত সকল কার্যক্রমের সময়সূচি, ভর্তি নির্দেশিকা, আবেদনের নিয়মাবলী এবং ফলাফল নির্ধারিত ওয়েবসাইট www.xiclassadmission.gov.bd থেকে জানা যাবে।
- ▶ এই ভর্তি নির্দেশিকার যে কোন ধারা/নিয়মাবলীর সংশোধন, সংযোজন বা বাতিল করার অধিকার শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- ▶ অনলাইন আবেদন পোর্টালের মাধ্যমে সর্বনিম্ন ৫টি এবং সর্বোচ্চ ১০টি শিক্ষা প্রতিষ্ঠানে (কলেজ/ মাদ্রাসা) আবেদনের জন্য ১৫০/- (সার্ভিস চার্জ ব্যতিত) আবেদন ফি প্রযোজ্য হবে। আবেদন ফি অনলাইন আবেদন পোর্টালের মাধ্যমে প্রদান করতে হবে। অনলাইন আবেদন পোর্টালে অন্তর্ভুক্ত পেমেন্ট গেইটওয়ে (সোনালী সেবা এবং SSLCOMMERZ) এর মাধ্যমে বিভিন্ন ব্যাংক, কার্ড, মোবাইল ব্যাংকিং (যেমন বিকাশ, নগদ, রকেট, ইত্যাদি) ব্যবহার করে আবেদন ফি জমা দেওয়া যাবে।
- ▶ সর্বোচ্চ ১০টি প্রতিষ্ঠানে আবেদন করা যাবে, তবে- একই প্রতিষ্ঠানের একাধিক শিফট/ভার্সন/গ্রুপে আবেদন করা যাবে।
- ▶ ইন্টারনেটে (অনলাইন) আবেদনে শিক্ষার্থীর কোন তথ্য অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার আবেদন/চূড়ান্ত ভর্তি বাতিল করার অধিকার শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ সংরক্ষণ করে।